

কাজের সময়ের নীতিমালা ও পদ্ধতি (Working Hour Policy & Procedure)

ডকুমেন্ট নং (Document No)	ইস্যু তারিখ (Issue Date)	রিভিশন নং (Revision No)	রিভিশন তারিখ (Revision Date)	অনুমোদনকারী (Approved By)

সাধারণ কর্মসময়ঃ

এম্প্লয়মেন্ট লিমিটেড এ প্রতিদিন সর্বোচ্চ ০৮ ঘন্টা সাধারণ কর্মসময় নির্ধারণ করা হয়েছে। এই কর্মসময় দুই ভাগে বিভক্ত করা হয়েছে, প্রথম ভাগ বিশ্রাম ও আহারের বিরতির পূর্বে যা সকাল ৮ ঘটিকা হতে দুপুর ০১ ঘটিকা পর্যন্ত চলবে অতঃপর দুপুর ০১ ঘটিকা হতে ০২ ঘটিকা পর্যন্ত বিশ্রাম ও আহারের বিরতি এবং দ্বিতীয় ভাগ বিশ্রাম ও আহারের বিরতির পর যা দুপুর ০২ ঘটিকা হতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত চলবে।

তবে বিশেষ কোন কারণে অফিস সময়সূচী পরিবর্তন করার প্রয়োজন হলে কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী তা পরিবর্তন করতে পারবে।

ওভার টাইমঃ

ওভারটাইম শ্রমিকের ইচ্ছার উপর নির্ভরশীল। তবে কোন শ্রমিক প্রতিদিন ২ ঘন্টা, সপ্তাহে ১২ ঘন্টা ঘন্টার বেশী ওভারটাইম করতে পারবে না। ওভারটাইম করলে শ্রমিককে তাহার মূল মজুরীর দ্বিগুণ হারে ওভারটাইম এর মজুরী প্রদান করা হয়।

তবে জরুরী শিপমেন্ট এর প্রয়োজনে সরকারী গেজেট এর নির্দেশনায় ০৪ ঘন্টা পর্যন্ত ওভারটাইম ডিউটি করাতে পারবে।

সাপ্তাহিক ছুটি : শুক্রবার।

❖ নিরাপত্তা বিভাগে কর্মরত নিরাপত্তা প্রহরীদের জন্যঃ

সাধারণ কর্মসময়ঃ প্রতিদিন সর্বোচ্চ ০৮ ঘন্টা।

শিফটঃ প্রতিদিন ০৫ টি শিফট যা নিম্নরূপঃ

- শিফট - ১
- শিফট - ২
- শিফট - ৩
- শিফট - ৪
- শিফট - ৫

শিফট অনুযায়ী কর্মসময়ঃ

শিফট - ১ঃ সকাল ০৬ ঘটিকা হতে দুপুর ০৩ ঘটিকা পর্যন্ত।

শিফট - ২ঃ দুপুর ০২ ঘটিকা হতে রাত্র ১১ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৩ঃ রাত্র ১০ ঘটিকা হতে পরদিন সকাল ০৭ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৪ঃ সকাল ০৮ ঘটিকা হতে বিকাল ০৫ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৫ঃ সকাল ১১ ঘটিকা হতে রাত ০৮ ঘটিকা পর্যন্ত।

বিশ্রাম ও আহারের বিরতিঃ

সকল নিরাপত্তা কর্মী তার কর্মসময়ের মধ্যে ০১ ঘন্টা করে বিশ্রাম ও আহারের জন্য বিরতি পাবেন। প্রয়োজনে এই বিরতি সময় এক শিফটে কর্মকালীন সকল নিরাপত্তা কর্মী একযোগে ভোগ না করে পর্যায়ক্রমে ভোগ করতে পারবেন। নিচে শিফট অনুযায়ী বিশ্রাম ও আহারের জন্য নির্ধারিত বিরতি সময় উল্লেখ করা হলঃ

শিফট - ১ এর জন্যঃ

- সকাল ১১ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত।

শিফট - ২ এর জন্যঃ

- সন্ধ্যা ০৬ ঘটিকা হতে সন্ধ্যা ০৭ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৩ এর জন্যঃ

- রাত্র ০২ ঘটিকা হতে রাত্র ০৩ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৪ এর জন্যঃ

- দুপুর ১২ ঘটিকা হতে দুপুর ০১ ঘটিকা পর্যন্ত।

শিফট - ৫ এর জন্যঃ

- বিকাল ০৩ ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত।

ওভার টাইমঃ

ওভারটাইম শ্রমিকের ইচ্ছার উপর নির্ভরশীল। তবে কোন শ্রমিক প্রতিদিন ২ ঘন্টা, সপ্তাহে ১২ ঘন্টা, মাসে ৪৮ ঘন্টা থেকে ৫২ ঘন্টার বেশী ওভারটাইম করতে পারবে না। ওভারটাইম করলে শ্রমিককে তাহার মূল মজুরীর দ্বিগুণ হারে ওভারটাইম এর মজুরী প্রদান করা হয়।

সাপ্তাহিক ছুটিঃ সপ্তাহে ০১ দিন যা পালানক্রমে সকল নিরাপত্তা কর্মী ভোগ করবেন।

মহিলা শ্রমিকের জন্য সীমিত কর্মঘন্টাঃ

কোন মহিলা শ্রমিককে তাহার বিনা অনুমতিতে কোন প্রতিষ্ঠানে রাত দশ ঘটিকা হইতে ভোর ছয় ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে কোন কাজ করিতে দেওয়া হইবে না। কাজ করানোর আগে মহিলা শ্রমিকদের থেকে বাংলাদেশ শ্রম বিধি - ২০১৫ এর নির্দিষ্ট ফরম অনুযায়ী সম্মতিপত্র নিতে হবে এবং এই সম্মতিপত্র ০১ বছর পর্যন্ত মেয়াদ থাকবে।

প্রস্তুতকারী (Prepared By)	অনুমোদনকারী (Approved By)	অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature)	সীল (Seal)